
# প্রতিবাসী এবং একে অপরকে সেবা করার জন্যে দলকে সংঘবদ্ধ করা

যাকোব যিরূশালেমে যেমন করেছিলেন তদ্রুপ, ঈশ্বরের লোকদের বিচক্ষনতার সাথে দেখ

যারা ছোটদের শিক্ষা দেয় তাদের O1b পাঠ করা উচিত

**১. আপনর হৃদয়কে ঈশ্বরের বাক্য ও প্রার্থনা সহকারে প্রস্তুত কর।**

১ করিন্থীয় ১২-১৪ অধ্যায়গুলিতে আত্মিকদানগুলিকে কেমন ভাবে ব্যবহার করতে হয় তা অন্বেষণ কর।




- যাদের মঙ্গলের জন্য ঈশ্বর আমাদের অনুগ্রহ দানগুলি দিয়ে থাকেন (১ করি ১২ঃ৪-৭)
- বিশ্বাসীদের কাকে কি অনুগ্রহ দান দেওয়া হবে তা যিনি নির্ধারন করেন।(১ করি ১২ঃ৮-১১)
- কার সাথে অনুগ্রহদান ও তাদের ব্যবহারকে তুলনা কার হয়েছে।(১ করি ১২ঃ১২-৩১)
- আমাদের অনুগ্রহ দানগুলির ব্যবহারের সঠিক উদ্দেশ্য। (১ করি ১২ঃ৩১;৩১ঃ১-১৩)
- যে কোনও একটি অনুগ্রহদানের উপর অধিক জোর দেওয়ার বিষয়কে যে ভাবে সংশোধন করা হবে। (১৪ অধ্যায়)

ঈশ্বর বিশ্বাসীদের বিভিন্ন অনুগ্রহ দান দেন। কখনো কখনো একের বেশী দিয়ে থাকেন, যাতে আমরা একে অন্যকে এবং আমাদের প্রতিবাসীকে সেবা করতে পারি।

- শরীরের যাবতীয় অঙ্গ-প্রত্যঙ্গ যেমন একত্রে কার্য করে ঠিক তেমনি ভাবে পবিত্র আত্মা আমাদের কার্য সকলকে প্রেমেতে সমন্বয় সাধন করেন।
- রোমীয় ১২ঃ৪-৮, ১ করিন্থীয় ১২ এবং ইফিষীয় ৪ঃ১১-১৬ এই অংশগুলিতে প্রচুর অনুগ্রহদানের তালিকা দেওয়া আছে।

### বিচক্ষণ কার্যধ্যক্ষ সেই সমস্ত কাজগুলি করার জন্য বিশ্বাসীদের সংঘবদ্ধ করেন, যেগুলি ঈশ্বর চান যেন প্রত্যেক দল করেন ঃ

- যারা কষ্ট পাচ্ছে তাদের সেবা কর (মথি ২৫ঃ৩১-৪৬), এবং তাদের জন্য প্রার্থনা কর (যোহন ১৬ঃ২৪)। বিনতি ও শয়তানের বিরুদ্ধে আত্মিক যুদ্ধ এগুলি প্রার্থনার মধ্যে অন্তর্ভুক্ত। হৃদয় করুনার দানের বিষয় পরামর্শ দেয় (রোমীয় ১২ ঃ৮) এবং বিশ্বাসের বিষয়কে (১ করি ১২ঃ৯) বিবেচনা করাকে বোঝায়, বিশ্বাসে যখন এই দুইটি অনুগ্রহ দান একত্রে কাজ করে তখন আমাদের পরিত্রান উত্তম কার্যসকল উৎপন্ন করে (ইফিষীয় ২ঃ৮-১০)। যীশু যাদের বিশ্বাস ছিল এমন অনেককে সুস্থ করেছিলেন যার মধ্যে একজন কুষ্ঠ এবং শতপতিও ছিল (মথি ৮ঃ১-১০)। অনেক পুরাতন নিয়মের বিশ্বাসী, তাদের কাজের দ্বারা মহৎ বিশ্বাসকে প্রদর্শন করে ছিল (ইব্রীয় ১১)।
- খ্রীষ্টেতে বৃদ্ধি প্রাপ্ত হবার জন্য অন্যদের উপদেশ দান ও সাহায্য কর (মথি২৫ঃ৩১-৪৬) মস্তিষ্কের দুইটি অংশ আমাদের বিজ্ঞতা ও জ্ঞাণের ব্যাপারে স্মরণ করিয়ে দেওয়াকে বোঝার (১ করি১২ঃ৮)। শালোমন এর একটি উদাহরণ (১ রাজাবলি ৩ঃ৫-২৮)
- লোকদের সান্তনা প্রদান কর (১ করি ১ঃ৩-৭) এবং আত্মিক সমস্যাগুলি অনুমান করতে চেষ্টা কর (১করি২ঃ১৪)। দুইটি চোখ ও ভবিষ্যৎবানী করার অনুগ্রহদানকে বোঝায় যা মূলত সান্ত্বনা প্রদান এবং শক্তিশালী করার জন্য (১করি১৪ঃ২-৩) এবং আত্মাকে চিনে নেওয়ার জন্য ব্যবহৃত হয় (১করি ১২ঃ১০)। যিশাইয় এই দুইটির একটি উদাহরন। (যিশাইয় ৪০ঃ১-১৪)।
- তাদের পালকে গেঁথে তোলার জন্য এবং নেতাদের প্রশিক্ষণ দেবার জন্য বিশ্বাসীদের প্রস্তুত কর। (ইফিষীয় ৮ঃ১১-১২)। শিক্ষা দেবার অনুগ্রহ দান বলতে মুখকে বোঝায়। (১ করিন্থীয়১২ঃ২৮) ইস্রা (নহিমিয় ৮) ও পৌল (২ তিম২ঃ২) এর উদাহরণ।

- অবিশ্বাসী বিদেশীদেরকে তাদের ভাষায় কথা বলার দ্বারা প্রত্যয় যোগান (১ করি ১৪ঃ২২)। পরভাষা বলতে বোঝায় পরভাষায় কথা বলার অনুগ্রহদান (১ করি ১২ঃ১০) পঞ্চশত্তীর দিন প্রেরিতরা তা করেছিল।(প্রেরিত ২ঃ১-৮)।
- বিশ্বাসী ও তাদের নেতাদের বিশ্বাস এবং তাদের জন্য ঈশ্বরের কাজের প্রতি সুদৃর রাখুন (১করি১৪ঃ২৬; প্রেরিত ১৪ঃ২১-২২) দুইটি কর্ণ উৎসাহদানের অনুগ্রহদানকে (উপদেশ দান ও সেবা করার জন্য লোকদের শ্রবণ, রোমীয়১২ঃ৮) ও পরভাষার অনুবাদকে (১ করি১২ঃ১০) বোঝায়। পৌল ইফিষীয় প্রাচীনদের উৎসাহ প্রদান করেছিলেন (প্রেরিত ২০ঃ১৭-৩৮)।
- খ্রীষ্ট দেহের পরিচর্যা কর এবং যাদের প্রয়োজন আছে সেই অন্যান্যদের তাদের যত্ন নাও (গালাতীয় ৫ঃ১৩;৬ঃ১০) দুইটি বাহু সেবা করার (রোমীয় ১২ঃ৭), ও সাহায্য প্রদান (১করি১২ঃ২৮) করাকে বোঝায়। যিরুশালেমের প্রথম অধ্যক্ষরা বিধবাদের সেবা করেছিল (প্রেরিত ৬ঃ১-৬)।
- অসুস্থদের সুস্থ কর (লূক ১০ঃ৯) এবং প্রদান কর (৬ঃ৩৮)। দুইটি হাত আরোগ্য করার ও অলৌকিক কার্য করার অনুগ্রহদানকে (১করি১২ঃ৯-১০) এবং প্রদান করার (রোমীয় ১২ঃ৮) অনুগ্রহ দানকে স্মরণ করায়। পৌল প্লুবিয়র পিতাকে (প্রেরিত ২৮ঃ৭-৮) আরোগ্য দান করেছিলেন এবং দর্কা উদার হাতে দান করেছিলেন (প্রেরিত ৯ঃ৩৬)।
- অন্যদের দ্বারা অনুসরণ যোগ্য পথ প্রস্তুত কর (১করি১১ঃ১), পা দুইটি নেতৃত্ব দেওয়া (রোমীয় ১২ঃ৭) ও প্রশাসনিক কাজকে (১করি১২ঃ২৮) বোঝায়। দায়ুদ উভয়ই করেছিলেন।(১ শমূয়েল ১৩ঃ১-৫; ২ শমূয়েল ৫)।
- খ্রীষ্টকে প্রচার কর (লূক ২৪ঃ৪৬-৪৮; প্রেরিত ১ ৮) চরণদ্বয় প্রেরীতত্ব (মিশনারী) এবং সুসমাচার (ইফিষীয় ৪ঃ১১-১২) প্রচারকে বোঝায়। পৌল এই দুইটির উদাহরন (রোমীয় ১৫ঃ২০-২১)।

একতায় কাজ করার জন্য যাকোব এবং বিভিন্ন উপাসক মন্ডলীর প্রাচীনরা (যিহুদী ও অযিহুদী) কি রূপে ধর্মীয় অনুশীলনের মাধ্যমে একটি কঠিন বিবাদের সমাধান করেছিলেন তা প্রেরিত ১৫ঃ১-৩১ অংশ পাঠ করার মাধ্যমে দেখুন। যে সময়ে যিরূশালেমে উপাসক মন্ডলীতে দুইটি প্রধান সংস্কৃতি বিদ্যমান ছিল তখন যাকোব সেখানকার একজন অন্যতম নেতারূপে নিযুক্ত ছিলেন।

**পশ্চাদপট্‌ ঃ** যিহুদীরা বহু বছর ধরে পুরাতন নিয়মের বিধিগুলিকে অবলম্বন করেছিল। এতে বলা ছিল পশুবলি, যদি কোনও ভ্রাতা উত্তরাধীকার ব্যতিরেকে মারা যেত তার স্ত্রীতে অন্য ভাইয়ের দ্বারা বিবাহ করা, শনিবারে যারা কাজ করবে তাদের হত্যা করা, কেবল মাত্র যিরূশালেমেই আরাধনা করা, ইত্যাদি সহ আরও অন্যান্য অনেক নিয়মকানুন।

- বহু পরজাতীয় (অযিহুদী) বিশ্বাসীরা এই সমস্ত প্রাচীন ইস্রায়েলীয় বিধির কিছুই জানত না। এমন কি বর্তমান কালেও কিছ বিশ্বাসী, পবিত্র, আত্মাকে তাদের পরিচালিত করতে না দেবার পরিবর্তে নতুন নিয়মের মধ্যে পুরাতন নিয়মের বিধিগুলিকে নিয়ে আসেন।
- যীশু বলছেন, আমরা শুধুমাত্র ঈশ্বরকে প্রেম করার দ্বারা এবং প্রতিবাসীকে যেরূপ প্রেম করা উচিত, সেরূপ করার মাধ্যমেই (মথি ২২ঃ৩৭-৪০; রোমীয় ১৩ঃ৮-১০) পুরাতন নিয়মের ঈশ্বরীয় বিধিগুলিকে পালন করতে পারি। প্রেম হল পবিত্র একটি ফল (গালাতীয় ২ঃ২২)। কি ভাবে ঈশ্বর পুরাতন নিয়মকে পুণঃস্থাপন করেছেন তা জানতে ২ করিন্থীয় ৩ঃ৬-১৮ এবং ইব্রীয় ৮ঃ৬-১৩ অংশগুলি পাঠ করুন।

প্রেরীত ১৫ অধ্যায়ে অন্বেষণ করুন ঃ

- কেউ পরিত্রাণ পেতে চাইলে তাকে যা করতে হবে বলে, কিছু বিশ্বাসী যা ভেবেছিল।(উত্তর প্রেরিত ১৫ঃ১ পদ দেখুন)।
- যে বিধিনিষেধকে বিশ্বাসী ফরীশীরা (একটি শক্তিশালী যিহুদী সম্প্রদায়) অযিহুদীদের জোর পূর্বক মানতে বাধ্য করতে চেয়েছিল। (প্রেরিত ১৫ঃ২-৫ অংশ দেখুন। পুরাতন নিয়মের বিধিনিষেধগুলি ছিল প্রাচীন ইস্রায়েলীয়দের জন্য, তা কখনই নতুন নিয়মের জন্য প্রযোজ্য নয়)।
- পিতরের পরামর্শ (প্রেরিত ১৫ঃ৬-১)
- যে সমস্ত লোকদের মধ্যে পিতর ও বার্ণবা ঈশ্বরের অলৌকিক কার্যকে সমাপন হতে প্রত্যক্ষ করেছিলেন (প্রেরিত ১৫ঃ১২ পদ দেখুন)
- যাকোব যা পরামর্শ দান করেছিলেন, যার দ্বারা সমস্যার সমাধান হয়েছিল।(প্রেরিত ১৫ঃ১৩-২১ পদ দেখুন)।

- ফলাফল (প্রেরিত ১৫ঃ২২-৩১)

**২. সপ্তাহের মধ্যে করার জন্যে আপনার সহকর্মীদের সাথে সাপ্তাহিক কার্যকলাপের পরিকল্পনা করুন।**

যে সমস্ত বিশ্বাসীরা এখনও পর্যন্ত অপরের সেবা করেন তাদেরকে পরিদর্শন করুন এবং তাদেরকে তা করতে সাহায্য করুন। উপরে তালিকাভুক্ত সেই সমস্ত যে কোনও কাজগুলি করতে শুরু করুন যেগুলি আপনার দলের মধ্যে অভাব আছে।

**৩. বর্তমান প্রয়োজন পূরণের জন্য, আপনার সহকর্মীদের সাথে আসন্ন আরাধনার বিষয়ে পরিকল্পনা করুন।**

যে সমস্ত কাজগুলি ঈশ্বর চান যে আমরা করি এবং যে সমস্ত অনুগ্রহ দান তিনি দিয়ে থাকেন তা সম্পর্কে বর্ণনা করুন।

যাকোব এবং অন্যান্যরা কিভাবে বিশ্বাসীদের মধ্যে সম্প্রীতি বজায় রেখে ছিলেন তা ব্যাখ্যা করুন। উপরে দত্ত তালিকা ভুক্ত প্রশ্নগুলিকে জিজ্ঞাসা করুন।

ছোটরা যা কিছু প্রস্তুত করেছে সেগুলি তাদেরকে উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের পরিচিতি করনের জন্যে যোহন ১৭ঃ১৮-২৪ অংশটি পাঠ করুন। ব্যাখ্যা করুন যে, যীশু যখন প্রভুর ভোজের প্রবর্তন করেন তখন তিনি আমাদের প্রেমপূর্ণ একতার জন্য প্রার্থনা করেছিলেন।

অনুগ্রহ দান সম্পর্কে আলোচনা, পরিকল্পনা এবং একে অন্যের জন্য প্রার্থনা করতে দুই অথবা তিনজনকে নিয়ে দলগঠন করুন।

ইফিষীয় ৪ঃ১৪-১৭ অংশটি একত্রে মুখস্থ কর।

**প্রার্থনা ঃ** ‘‘হে প্রভু অন্যদের মধ্যে যে অনুগ্রহ দানগুলি আছে সেগুলিকে শ্রদ্ধা করতে এবং আমাদের মধ্যে যে দানগুলি আছে সেগুলি নিয়ে গর্ব না করতে আমাদের সাহায্য কর।’’

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net